

কোরআন ও বাইবেলে সওম(Fasting)

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবারাকাতুহু
বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে, "কোরআন ও বাইবেলে সওম(Fasting)"।

পবিত্র কুরআনুল করীমে আল্লাহতায়ালা ইরশাদ করেন
রমজান মাসে সওম পালন আল্লাহ তায়ালা ফরজ করেছেন

১। হে ইমানদারগণ! তোমাদের জন্যে লিখে (ফরজ করে) দেয়া হয়েছে সওম(fasting), যেভাবে লিখে
দেয়া হয়েছিল তোমাদের পূর্বকার লোকদের জন্য।

সূরা ২ বাকারাহ্, আয়াতঃ ১৮৩

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى

الَّذِينَ مِن قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٨٣﴾

হে বিশ্বাস স্থাপনকারীগণ! তোমাদের পূর্ববর্তী লোকদের ন্যায় তোমাদের উপরও রোজাকে অপরিহার্য
কর্তব্যরূপে নির্ধারিত করা হলো যেন তোমরা আল্লাহভীতি অর্জন করতে পারো।

২। তোমাদের যে কেউ এ মাসের(রমযান) সাক্ষাত লাভ করবে, তাকে অবশ্যই পুরো (রমযান) মাসটিতে
সওম পালন করতে হবে।

সূরা ২ বাকারাহ্, আয়াতঃ ১৮৫

شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ
 مِّنَ الْهُدَى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ۗ وَ
 مَنْ كَانَ مَرِيضًا أَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ أَيَّامٍ أُخَرَ ۗ يُرِيدُ اللَّهُ بِكُمُ
 الْيُسْرَ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَ ۗ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللَّهَ
 عَلَى مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿٢١٨﴾

রমযান মাস যার মধ্যে বিশ্বমানবের পথ প্রদর্শক এবং সু-পথের উজ্জ্বল নিদর্শন ও (হক ও বাতিলের) প্রভেদকারী কুর'আন অবতীর্ণ করা হয়েছে, অতএব তোমাদের মধ্যে যে ব্যক্তি এ মাস পাবে, সে যেন রোজা রাখে এবং যে ব্যক্তি অসুস্থ বা মুসাফির তার জন্যে অপর কোন দিন হতে গণনা করবে; তোমাদের পক্ষে যা সহজ তাই আল্লাহ চান ও তোমাদের পক্ষে যা কষ্টকর তা তিনি চান না এবং যেন তোমরা নির্ধারিত সংখ্যা পূরণ করে নিতে পার এবং তোমাদেরকে যে সুপথ দেখিয়েছেন, তজ্জন্যে তোমরা আল্লাহর বড়ত্ব বর্ণনা কর এবং যেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।

২। বাইবেলের বাণী

ম্যাথু(Mathew) ৯:১৪

জনের (John) অনুসারিরা তাকে জিজ্ঞাসা করলো, আমরা ও ফরীসীরা (Pharisees) প্রাচীন ইহুদীজাতির অন্তর্ভুক্ত ধার্মিক ও আচারনিষ্ঠ বলিয়া খ্যাত সম্প্রদায় বিশেষ) সওম (Fasting) পালন করলে কেমন হয়, কিন্তু আপনার অন্যান্য অনুসারিরা তো সওম (Fasting)পালন করেনা।

লুক(Luke) ২:৩৭

একজন মহিলা ধর্মযাজক যিনি বিধবা ছিলেন ৮৪ বছর বয়সে। তিনি কখনো গীর্জা ত্যাগ করেন নি, রাত দিন ইবাদত(Worship) করতেন এবং সওম(Fasting) পালন করতেন।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা আসুন পুরো রমযান মাস আমরা সওম(Fasting) পালন করি। কোরআন ও সহীহ হাদীসে বর্ণিত শরীয়তের বিধান যথাযথ পরিপালন করি।

হে আল্লাহ সঠিক দ্বীনি ইলম আমাদেরকে দান কর এবং আমাদেরকে হেদায়েত দান কর। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবাবাকাতুহু।

.....